29

ভোরের কাগজ

তারিখ ...DEC. 0 7 1999
পৃষ্ঠা 7 কলাম 8

# প্রধানমন্ত্রীকে ডিগ্রি দেওয়া নিয়ে ঢা.বি. শিক্ষকদের পাল্টাপাল্টি অবস্থান

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সমানসূচক ডিগ্রি দেওয়ার সিদ্ধান্ত নিয়ে বিশ্ববিদ্যালয়ের নীল ও সাদা দলের শিক্ষকরা পরস্পরবিরোধী বক্তব্য দিচ্ছেন। আওয়ামীপন্থী নীল দলের শিক্ষকরা এ সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছেন এবং বিএনপি ও জামাতপন্থী সাদা দলের শিক্ষকরা এ সিদ্ধান্তকে প্রত্যাহার করার দাবি জানিয়েছেন।

গতকাল বিশ্ববিদ্যালয়ের নীল দলের ৩২৭ জন শিক্ষক এক বিবৃতিতে

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৭

## শিক্ষকদের পাল্টাপাল্টি অবস্থান

● প্রথম পাতার পর

প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানান। বিবৃতিতে তারা বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শান্তি প্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য বিমোচন ও নিরক্ষরতা দূরীকরণে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট এবং একাডেমিক কাউন্সিলের সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি প্রদানের সিদ্ধান্তে আমরা আনন্দিত।'

এ ছাড়া সিনেটের ২৫ জন নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের এলুমনাই এসোসিয়েশন প্রধানমন্ত্রীকে ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামাতপন্থী সাদা দলের শিক্ষকরা এর আগে দেওয়া এক বিবৃতিতে বলেছেন, যে প্রধানমন্ত্রী জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী সম্পর্কে কুরুচিপূর্ণ বক্তব্য দিতে পারেন, তাকে ডিগ্রি দিলে বিশ্ববিদ্যালয়কে অসম্মান করা হবে। তারা এ সিদ্ধান্ত নিয়মতান্ত্রিক উপায়ে নেওয়া হয়নি বলেও অভিযোগ তুলেন। সাদা দলের কয়েকজন শিক্ষক এ ব্যাপারে বিরোধীদলীয় নেত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন।

আগামী ১৮ ডিসেম্বর অনুষ্ঠেয় সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অর্মত্য সেনকে সম্মানসূচক ডিগ্রি দেওয়া হবে।